"শেখ হাসিনার দর্শন- সেবক হয়ে কর্ম সম্পাদন"

ঢাকা পবিস-৩

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গেন্ডা, সাভার, ঢাকা।

সদস্য সেবা বিভাগ
টেলিফোন: ০২-৭৭৪৪৫১৫(১১০)
E-Mail:dhakapbs3@gmail.com
Website:www.dhakapbs3.org.bd

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫১৮.০৩.১৬.১৭. ৪৪২০

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসাবে অর্ন্তভূক্তি করনের লক্ষ্যে "বেসিক কনজুমার ওয়্যারিং(টিডব্লিউ-০২০)" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনের বিজ্ঞপ্তি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা কর্তৃক ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসাবে অর্ন্তভূক্তি করনের লক্ষ্যে **"বেসিক কনজুমার ওয়্যারিং(টিডব্লিউ-০২০)"** শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষন কোর্সে অংশগ্রহনের জন্য অত্র পবিসের ভৌগলিক এলাকাধীন ঢাকা জেলার (ক) ধামরাই উপজেলা, (খ) সাভার উপজেলার আমিনবাজার,বনগ্রাম,কাউন্দিয়া,ভার্কুতা,তেতুলঝোড়া,পাথালিয়া,বিরুলিয়া,সাভার ইউনিয়ন ও সাভার পৌরসভা, (গ) কেরানীগঞ্জ উপজেলার হযরতপুর ইউনিয়নের কানারচর ও কদমতলী গ্রাম, (ঘ) মানিকগঞ্জ জেলাধীন মানিকগঞ্জ সদর উপজেলার আটিগ্রাম ইউনিয়নের কেষ্টিগ্রাম এবং (ঙ) টাংগাইল জেলাধীন মির্জাপুর উপজেলার ওয়ার্শী ইউনিয়নের কহেলা, নতুন কহেলা, ওয়ার্শী, উঃ ওয়ার্শী, দেওলিপাড়া, পাইকপাড়া ও নবগ্রাম এর স্থায়ী পুরুষ/ মহিলা নাগরিকদের নিকট হতে নিম্ন বর্নিত শর্তাবলী প্রতিপালন স্বাপেক্ষে স্বহস্তে লিখিত আবেদন আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

ক) আগ্রহী প্রার্থীকে সাদা কাগজে **জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা** বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে ১.নাম(বাংলায় ও ইংরেজীতে)ঃ, ২.পিতার নামঃ, ৩.মাতার নামঃ, ৪.স্থায়ী ঠিকানাঃ, ৫.বর্তমান ঠিকানাঃ, ৬.মোবাইল নংঃ, ৭.জন্ম তারিখ ও বয়সঃ, ৮.শিক্ষাগত যোগ্যতা(নূন্যতম এসএসসি বা সমমান)ঃ ৯.অভিজ্ঞতা(যদি থাকে)ঃ উল্লেখ পূর্বক সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, স্থায়ী বাসিন্দার সর্মথনে সংশ্লিষ্ট পৌরসভা /ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থীকে আবেদনপত্র এবং উল্লেখিত সকল ডকুমেন্টসহ আগামী ০২/১২/২০১৭খ্রিঃ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় স্ব-শরীরে **ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা** তে উপস্থিত হয়ে প্রাথমিক বাছাই পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। প্রাথমিক বাছাই পরীক্ষায় উর্ত্তীন প্রার্থীগনের প্যানেল প্রস্তুত করে পরবর্তীতে প্রশিক্ষন কোর্সের আয়োজন করা হবে। প্রার্থীকে প্রশিক্ষন কোর্সের সিডিউল অবহিত করা হবে।

খ) প্রার্থীর বয়স ০২/১২/২০১৭খ্রিঃ তারিখে নূন্যতম ১৮ বছর হতে হবে।

গ) আগামী ০২/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য প্রাথমিক বাছাই পরীক্ষার সময়ে শিক্ষাগত যোগ্যতার সর্মথনে দাখিলকৃত ডকুমেন্টের মূলকপি ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর দ্বায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিকে প্রদর্শন করতে হবে অন্যথায় প্রার্থীকে অযোগ্য বিবেচনা করা হবে।

ঘ) এই প্রশিক্ষণ কোর্স ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর গেন্ডা, সাভারে অনুষ্ঠিত হবে। কোর্সের মেয়াদকাল ১৫(পনের) দিন। তবে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃপক্ষ কোর্সের মেয়াদ স্থগিত/ পরিবর্তন/ সম্পূর্ন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

ঙ) প্রাথমিক বাছাই পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণকে (অফেরৎযোগ্য) প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা জমা প্রদান করে প্রশিক্ষনে অংশগ্রহন করতে হবে এবং নিজ দায়িত্বে থাকা ও খাওয়ার ব্যবস্থা করতে হবে।।

চ) প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রার্থীগনকে সিডিউল মোতাবেক নিয়মিত নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।

ছ) প্রশিক্ষণ কোর্স শেষে অনুষ্ঠিত চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য প্রর্থীগনদের তালিকাভূক্ত করে ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে ০১(এক) বছরের জন্য ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভৌগলিক এলাকার গ্রাহকদের হাউজ ওয়্যারিং সম্পন্ন করার অনুমতি প্রদান করা হবে। পরবর্তীতে নির্বাচিত ভিলেজ ইলেকট্রিশিয়ানের কাজের দক্ষতা, সততা, নিষ্ঠা, প্রতিষ্ঠানের বিধি বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা ইত্যাদি মূল্যায়ন পূর্বক কাজের অনুমতির মেয়াদ সর্ম্পকে সিদ্ধান্ত গৃহীত হবে।

জ) ভিলেজ ইলেকট্রিশিয়ান ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর কর্মচারী হিসাবে বিবেচিত হবেন না বিধায় সমিতি হতে কোন বেতন/ ভাতা প্রাপ্য হবেন না।

ঝ) অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে বর্তমানে ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসাবে কর্মরত আছেন, এরূপ ব্যক্তির আবেদন করার প্রয়োজন নাই। একই ব্যক্তি অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসাবে কাজ করতে পারবেন না। এরুপ পাওয়া গেলে তার অনুমতি পত্র বাতিল করা হবে।

ঞ) উল্লেখ্য যে, সাভার উপজেলার বিরুলিয়া ও পাথালিয়া ইউনিয়নে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ উভয়েরই ভৌগলিক এলাকা রয়েছে। এ ছাড়াও টাংগাইল জেলাধীন মির্জাপুর উপজেলার ওয়ার্শী ইউনিয়নের বর্নিত ০৭ টি গ্রামে টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি এবং ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ উভয়েরই ভৌগলিক এলাকা রয়েছে। এ জন্য শুধুমাত্র বিরুলিয়া, পাথালিয়া ও ওয়ার্শী ইউনিয়নের ইউনিয়নের আবেদনকারীর ভৌগলিক এলাকা অধিকতর নিশ্চিতকরনের লক্ষ্যে আবেদনকারীর নিজ অথবা পরিবারের অথবা পাশ্ববর্তী কোন গ্রাহকের ২০১৭ সালের যে কোন মাসের একটি বিদ্যুৎ বিলের ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

ট) উল্লেখ করা হয় নি ভবিষ্যতে এরূপ কোন বিষয়/ জটিলতার উদ্ভব হলে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ রেজাউল করিম খান)
জেনারেল ম্যানেজার(অঃ দাঃ)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। জেলা প্রশাসক, ঢাকা/মানিকগঞ্জ/টাংগাইল(কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
৩। মেয়র, সাভার/ধামরাই পৌরসভা(কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার/ধামরাই/কেরানীগঞ্জ/মানিকগঞ্জ সদর/মির্জাপুর(কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
৫। ডিজিএম,আমিনবাজার/শিমুলতলা/ধামরাই/কুশুড়া জোনাল অফিস, ঢাকা পবিস-৩ (নোটিশ বোর্ডে প্রকাশ ও ব্যাপক প্রচারের জন্য)।
৬। চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ(কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
৭। এজিএম(এইচআর/প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব)/
এজিএম(ওএন্ডএম),নয়ারহাট সাব-জোনালঅফিস/ রিটেইনার প্রকৌশলী, ঢাকা পবিস-৩ ।
৮। নোটিশ বোর্ড, সকল এরিয়া অফিস/সকল অভিযোগ কেন্দ্র, ঢাকা পবিস-৩ ।
৯। অফিস/মাষ্টার কপি।

জেনারেল ম্যানেজার(অঃ দাঃ)

E:\03.16.docx